



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৬.১২.২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবসে বর্ণাঢ্য বিজয় র্যালি অনুষ্ঠিত

৪৬ তম মহান বিজয় দিবসের প্রাক্কালে বরিশাল বিশ্ববিদ্যালয়ে এক বর্ণাঢ্য বিজয় র্যালি অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবার এ বিজয় র্যালিতে অংশ নেয়। সকাল ৯ ঘটিকায় শুরু হওয়া বর্ণাঢ্য এ র্যালিটি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে কেন্দ্রীয় শহীদ মিনারে এসে শেষ হয়। র্যালিতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, সিন্ডিকেট সদস্য, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, প্রভোস্টবন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী, রেজিস্ট্রার, দপ্তর প্রধানগণ, শিক্ষার্থী, বিভিন্ন সংগঠনের নেতৃবন্দ, কর্মকর্তা ও কর্মচারীবন্দ অংশ নেন। র্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্রশ্রদ্ধা জ্ঞাপন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময়ে ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী এম কে রহমান, ডিনবন্দ, প্রক্টর, রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, সেক্টরস কমান্ডারস ফোরাম ববি শাখা, বিভিন্ন বিভাগ, ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের নেতৃবন্দ পুষ্পস্তবক অর্পণে অংশ নেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বিএনসিসির নৌ, সেনা ও ক্যাডেট শাখা কর্তৃক গার্ড অব অনার গ্রহন এবং কেন্দ্রীয় ফ্লাগ স্টান্ডে সম্মিলিত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনে অংশগ্রহন করেন উপাচার্য মহোদয়। বিজয় দিবস উপলক্ষে কেন্দ্রীয় খেলার মাঠে সকাল ১০ টায় অর্থনীতি ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের মধ্যে (ছাত্র)এবং লোকপ্রশাসন ও একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের মধ্যে (ছাত্রী) প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। এছাড়া বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক সংগঠন নাট্যদলের পরিবেশনায় মুক্তমঞ্চে মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক মঞ্চস্থ করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

b.university.pro@gmail.com